

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা
(আইসিটি-২ শাখা)

নং-৫৬.০০.০০০০.০২৮.৩৩.০০৭.১৪-২৩৯

তারিখ: ০৮.০৮.২০১৪ খ্রি.

বিষয়: দেশে তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ফেলোশীপ প্রদানের মঙ্গুরী সংক্রান্ত।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের মাধ্যমে দেশকে একটি মধ্যম আয়ের দেশে উন্নীতকরণে সরকার প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আইটি গ্রাজুয়েটদের ভূমিকা অপরিসীম। তাদেরকে বিদেশ গমনে নিরুৎসাহী করতে এবং দেশে থেকেই মাস্টার্স ও পিএইচডি কোর্স করতে উৎসাহিত করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে ফেলোশীপ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে একটি নীতিমালাও প্রণয়ন করে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এ বিষয়ে আবেদন করার জন্য নভেম্বর'১৩ মাসে একটি বিজ্ঞপ্তি জাতীয় পত্রিকা ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর ওয়েব সাইটে প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয় সারা বছরব্যাপী এ ফেলোশীপের আবেদন করা যাবে এবং ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখ পর্যন্ত প্রাপ্ত আবেদনসমূহ প্রথম রাউন্ডের জন্য বিবেচনায় নেয়া হবে। এরপর প্রাপ্ত আবেদন দ্বিতীয় রাউন্ডে বিবেচনা করা হবে। প্রথম রাউন্ডের প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে ফেলোশীপ প্রদানের কার্যকর উদ্যোগ নেয়া হয়েছে। এপ্রিল ২০১৪ মাসে দ্বিতীয় রাউন্ডে ফেলোশীপের প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করা হবে। চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ফেলোশীপ প্রদানের জন্য এ বিভাগে পর্যাপ্ত অর্থ বরাদ্দ আছে। কিন্তু প্রথম রাউন্ডে ফেলোশীপের জন্য যোগ্য আবেদনকারীর সংখ্যা প্রত্যাশার চেয়ে অনেক কম।

তথ্য প্রযুক্তি বিষয়ে ডিগ্রীধারীদের বাংলাদেশে থেকেই আইসিটি বিষয়ে মাস্টার্স ও পিএইচডি কোর্স সম্পন্ন করার জন্য অনুপ্রাণিত করতে এবং এ ধরণের কোর্সের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে ফেলোশীপের জন্য আবেদন করতে পরামর্শ প্রদান করতে সকল বিশ্ববিদ্যালয়কে যথাযথ নির্দেশনা প্রদান করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে (www.ictd.gov.bd) ফেলোশীপ প্রদানের বিষয়ে বিজ্ঞপ্তি, নীতিমালা, আবেদনপত্র ইত্যাদি হোস্ট করা আছে এবং অনলাইনে আবেদন করা হলে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে ফেলোশীপ প্রদানের জন্য বিবেচনা করা হবে।

চেয়ারম্যান
বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশন
ইউভিসি ভবন, আগারগাঁও, ঢাকা।

Head USE
১/৮৮/৮৬

ঝোঁঁ: |—
(রুমানা খোরশেদ)
সহকারী সচিব
ফোনঃ ০২-৮১৮১৩০৯৮

নং-৫৬.০০.০০০০.০২৮.৩৩.০০৭.১৪-২৩৯

তারিখ: ০৮.০৮.২০১৪ খ্রি.

অনুমতি:

- ১। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা (সংশ্লিষ্ট সকল বিভাগে অবহিতকরণের অনুরোধসহ)।
- ২। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ (সংশ্লিষ্ট সকল বিভাগে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৩। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর (সংশ্লিষ্ট সকল বিভাগে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৪। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২ (সংশ্লিষ্ট সকল বিভাগে অবহিতকরণের অনুরোধসহ)।